গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৭.২৫-২৮৭ তারিখ: ১৮ আগস্ট, ২০২৫ খ্রি.

# জরুরী সতর্কীকরণ বিজ্ঞপ্তি

**বিষয়: DTE Stipend MIS সফটওয়্যারে অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের আওতাভুক্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অজ্ঞাতনামা ব্যক্তি ফোনকল বা অনলাইন মাধ্যমে প্রতারণামূলকভাবে নিজেদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে বিভিন্ন ধরণের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক তথ্য (যেমন- উপবৃত্তি সংক্রান্ত তথ্য, আইডি, পাসওয়ার্ড, OTP ইত্যাদি) সংগ্রহের চেষ্টা করছে। এই ধরণের ফোনকল বা অনলাইন বার্তা সম্পূর্ণ ভুয়া ও প্রতারণামূলক। কারিগরি শিক্ষা অধিদপ্তর কোনোভাবেই ফোনকল, এসএমএস, হোয়াটসঅ্যাপ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পাসওয়ার্ড, OTP, আইডি বা গোপনীয় তথ্য সংগ্রহ করে না। এমতাবস্থায়, প্রতিষ্ঠানের User ID, Password ও OTP এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

২। অতএব–

- ✓ এ ধরণের ফোনকল বা বার্তায় কোনো তথ্য প্রদান করা থেকে বিরত থাকতে হবে;
- ✓ যদি কেউ এই ধরণের ঘটনার সম্মুখীন হন, তবে তাৎক্ষণিকভাবে নিকটস্থ থানায় জিডির মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে হবে;
- ✓ প্রয়োজনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি সেলের অফিসিয়াল ফোন+৮৮০২২২৩-৩৭৪৯৪০/ই-মেইল stipend.dte@gmail.com এ যোগাযোগ করতে হবে;
- ✓ উপযুক্ত কারণে পাসওয়ার্ড রিসেট করতে জিডির কপিসহ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে এবং আবেদন ই-মেইল stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে;
- ✓ ভবিষ্যতে এ ধরণের প্রতারণামূলক কার্যক্রম প্রতিরোধে সকলকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে;
- ✓ পরবর্তীতে উপবৃত্তি সংক্রান্ত ডাটা এন্ট্রি/ সংশোধনের সময় অনুমোদিত সকল শিক্ষার্থীর অ্যাকাউন্ট নম্বর যাচাই করে দেখতে হবে এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

১৮/০৮/২০২৫
(প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
সংযুক্ত কর্মকর্তা
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
২। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ সহ);
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট;
৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ;
৭। সিস্টেম অ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
৯। অধ্যক্ষ (সকল), এইচএসসি (বি এম টি) কোর্স পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
১০। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা অনুরোধসহ);
১২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৩। সংশ্লিষ্ট নথি।